গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার মে-২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আতাউল গনি ওসমানী, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ২৯/০৫/২০২৩ খ্রি., বেলা ১১.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট- ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সভায় ২(দুই) জন জেলা পরিষদ, চট্টগ্রাম সদস্যগণকে সভায় উপস্থিতির জন্য ধন্যবাদ জানিয়ে প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতার প্রতি সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে ধন্যবাদ জানান। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ** বিগত এপ্রিল-২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে অনু-মোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ১) লাইব্রেরী কক্ষ নির্মাণ ২) পুকুর পাড়ে ওয়াকওয়ে প্রোটেকটিভ ওয়ার্ক স্ট্রিট লাইট স্থাপন ৩) ইউ ড্রেণ নির্মাণ সংক্রান্ত ধন্যবাদ প্রস্তাব আনায়ন ঃ সভাপতি জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ১) লাইব্রেরী কক্ষ নির্মূণ ২) পুকুর পাড়ে ওয়াকওয়ে প্রোটেকটিভ ওয়ার্ক স্ট্রিট লাইট স্থাপন ৩) ইউ ড্রেণ নির্মাণ ৪) স্মৃতিসৌধ নির্মাণে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন পাওয়া যায়। তিনি মন্ত্রণালয় কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা জানালে চেয়ারম্যান, বেতাগী ইউ,পি ধন্যবাদ প্রস্তাব অনায়ন করলে উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১) লাইব্রেরী কক্ষ নির্মাণ ২) পুকুর পাড়ে ওয়াকওয়ে প্রোটেকটিভ ওয়ার্ক স্ট্রিট লাইট স্থাপন ৩) ইউ ড্রেণ নির্মাণ ৪) স্মৃতিসৌধ নির্মাণ সার্বিক সহযোগিতার প্রতি মন্ত্রণালয় কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল। |
| ৩ | **উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ** উপজেলার বিগত মাস ও চলতি মাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাসহ উপস্থিত সকলেই উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মতামত ব্যক্ত করা করেন। সভাপতি এ বিষয়ে স্ব-স্ব অধিক্ষেত্রে/এলাকায় সার্বক্ষণিক সতর্ক নজর রেখে আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় সহযোগিতা করার আহ্বান জানিয়ে সন্ত্রাসী কার্যক্রম বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ মে, ২০২৩ মাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সভাকে অবহিত করার জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে আহ্বান জানালে নিম্নরূপে মে, ২০২৩ মাসের অপরাধ চিত্র পেশ করা হয়। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশী টহল জোরদার করণ, স্ব-স্ব এলাকায় অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামী-দের গ্রেফতারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পুলিশ | অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিন রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃনং | বিবরণ/অপরাধ চিত্র | রাঙ্গুনিয়া মডেল থানা | দঃ রাঙ্গুনিয়া থানা | মোট |
|---|---|---|---|---|
| ১ | ধর্ষন | ১ | - | ১ |
| ২ | মাদক | ৫ | ২ | ৭ |
| ৩ | নারী নির্যাতন | ২ | - | ২ |
| ৪ | গরু চুরি | ১ | - | ১ |
| ৫ | অগ্নি সংযোগ | ১ | - | ১ |
| ৬ | অন্যান্য | ৭ | ২ | ৯ |
| | | ১৭ | ৪ | ২১ |

অপরাধ চিত্র বিস্তারিত পর্যালোচনায় পূর্বের তুলনায় অপরাধ কমছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নসহ চুরি/সন্ত্রাসী কার্যক্রম বন্ধে পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং অপরাধীদের আইনের আওতায় আনার লক্ষ্যে

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়। | | |
| ৪ | **যানজট নিরসন ও অতিরিক্ত CNG গাড়ী অতিঃ ভাড়া আদায় সংক্রান্ত ঃ**<br>উপজেলায় যানজট ও সিএনজি অতিঃ ভাড়া বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাসহ উপস্থিত সকলেই সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করে জানান, সিএনজি চালকেরা যাত্রীদের নিকট থেকে জোরপূর্বক অতিরিক্ত ভাড়া আদায় করছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় অবৈধ/লাইসেন্স বিহীন সিএনজি চালকদের ও অতিরিক্ত ভাড়া আদায় কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করা হয়। সভাপতি অবৈধ/লাইসেন্স বিহীন সিএনজি চালকদের অতিরিক্ত ভাড়া আদায় কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে প্রশাসনের সার্বিক সহযোগিতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণের অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাসহ সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়ে অতিরিক্ত ভাড়া আদায় বন্ধে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | যানজট নিরসনসহ গাড়ী দুর্ঘটনা এড়ানো/ লাইসেন্স বিহীন গাড়ী চালকদের অতিরিক্ত ভাড়া আদায়-কারীদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ রাঙ্গুনিয়া মডেল থানা ও নং রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | **মাদক নিয়ন্ত্রণ/রোধ সংক্রান্ত ঃ**<br>মাদক ব্যবহার ও নিয়ন্ত্রণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রাঙ্গুনিয়া মডেল থানার অপরাধ চিত্র বিস্তারিত আলোচনায় মাদকের মামলা পূর্বের তুলনায় কমে আসছে মর্মে অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনায় মাদক ব্যবসায়ী এবং মাদক ব্যবহারকারীদের চিহ্নিত করে পুলিশ বিভাগ ও প্রশাসনকে তাৎক্ষণিক ভাবে সংবাদ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলার মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণকরণ, মাদক ব্যবসায়ীদের সঠিক তথ্য দেয়া ও চুরি/ডাকাতি রোধ কল্পে উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে সার্বিক সহ-যোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন/ পুলিশ বিভাগের কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **ইভটিজিং কার্যক্রম বন্ধ/বাল্য বিবাহ রোধ সংক্রান্ত ঃ**<br>ইভটিজিং/বাল্য বিবাহ রোধ সংক্রান্ত বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় সভাপতি উপজেলায় ইভটিজিং কার্যক্রমের প্রতি সর্বদা সতর্ক নজর রেখে এ কার্যক্রম বন্ধে প্রশাসনকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করার আহ্বান জানান। এ বিষয়ে স্ব-স্ব এলাকায় সার্বক্ষণিক সতর্ক নজর রেখে সামাজিক সচেতনতার কার্যক্রম বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর মেয়র/ইউ,পি চেয়ারম্যান গণকে অনুরোধ করা হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলার ইভটিজিং ও বাল্য বিবাহ কার্যক্রম রোধে প্রয়োজনীয় কার্যক্রম/ পদক্ষেপ গ্রহণসহ জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন /পুলিশ বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | **অবৈধ ভাবে পাহাড় কর্তন/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধ/ বিদ্যুৎ সংযোগ বন্ধ রাখা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ**<br>সভায় অবৈধ ভাবে পাহাড় কাটা/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় সভায় জানানো হয় যে, পারুয়া ইউ,পি পাহাড় কেটে মাটি নিয়ে যায়। পাহাড় কাটা স্থানে পুলিশ/সাংবাদিক গেলেও পাহাড় কাটা বন্ধ হচ্ছে না। পাহাড় কাটা/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | অবৈধ ভাবে পাহাড় কর্তন বন্ধ করণ/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল। |
| ৮ | **উপজেলায় রোহিঙ্গা অবস্থান বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ**<br>উপজেলায় রোহিঙ্গা অবস্থান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপজেলায় রোহিঙ্গা অবস্থান এবং ভোটার না করার বিষয়ে সর্তক নজর রেখে উপজেলায় রোহিঙ্গা অবস্থান সম্পর্কে কোন সংবাদ পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলায় রোহিঙ্গা অবস্থান করার বিষয়ে তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন/ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল। |
| | **ভ্রাম্যমান আদালত পরিচালনা সংক্রান্ত ঃ**<br>সভাপতি জানান, বে-আইনি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম অব্যাহত আছে। বিস্তারিত আলোচনায় বে-আইনি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনার | ভ্রাম্যমান আদালত কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখাসহ বে-আইনি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে | উপজেলা প্রশাসন, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট |

চলমান পাতা-৩

CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৯ | কার্যক্রম অব্যাহত রাখার উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | থানা এবং সংশ্লিষ্ট সকল। |
| ১০ | ইটভাটা সমূহে গাছের লাকড়ী ব্যবহার বন্ধকরণ ও অবৈধ গাছের গাড়ী চলাচলে বন্ধকরণ সংক্রান্ত ঃ<br>উপজেলায় ইটভাটা সমূহে অবৈধ ভাবে গাছ/লাকড়ী জ্বালানী হিসেবে ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, হোসনাবাদ ইউ,পি জানান, তার ইউনিয়নে লাইসেন্স বিহীন ইটভাটা রয়েছে। দিন-রাত্রে জুয়ার আসর বসে এবং জুয়ারিরা চুরি-ডাকাতির ঘটনা ঘটায় মন্তব্য করে আইনানু ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। ইটভাটা সমূহে অবৈধ ভাবে গাছের লাকড়ী সরবরাহকারীদের এবং অবৈধ ভাবে গাছ সরবরাহে জড়িত গাড়ী চালকদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইটভাটা সমূহে অবৈধ ভাবে জ্বালানী হিসেবে গাছ সরবরাহ-কারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন/পুলিশ বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | পবিত্র ঈদউল আযহা-২০২৩ এ পশুহাটে শান্তি-শৃঙ্খলা বজায় রাখাসহ ভেটেরিনারী টিম গঠন সংক্রান্ত ঃ<br>পবিত্র ঈদউল আযহা-২০২৩ এ পশুহাট সমূহে আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখা কোরবানী পশুহাটে ভেটেরিনারী টিম গঠনের বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন। গরু চুরি রোধকরণ বিষয়ে স্ব-স্ব এলাকায় সর্তক নজর রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়। বিস্তারিত আলোচনায় আসন্ন পবিত্র ঈদউল আযহা-২০২৩ কোরবানী পশুহাটে যাতে রোগাগ্রস্ত পশু বাজারে বিক্রি না হয় এবং ঈদউল আযহা-২০২৩ দিনে নির্ধারিত স্থান চিহ্নিত/ঠিক করে কোরবানী পশু জবাই করণ ও প্রত্যেক কোরবানী পশুহাটে ভেটেরিনারী টিম গঠন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | পবিত্র ঈদউল আযহা-২০২৩ এ পশুহাট সমূহে আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ ঈদউল আযহা-২০২৩ বাজারে যাতে রোগাগ্রস্ত পশু বাজারে বিক্রি না হয় এবং পবিত্র ঈদউল আযহা-২০২৩ নির্ধারিত স্থান চিহ্নিত/ঠিক করে কোরবানী পশু জবারণ ও কোরবানী পশুহাটে ভেটেরিনারী টিম গঠন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রশাসন -সহ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট পৌর মেয়র ও সকল ইউ,পি চেয়ারম্যানগণ। |
| ১২ | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও বকেয়া বিদ্যুৎবিল আদায় সংক্রান্ত ঃ<br>সভাপতি উপজেলার নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় জিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ জোনাল অফিস রাঙ্গুনিয়া জানান, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে কার্যক্রম অব্যাহত আসে। উপজেলায় ৫২ লক্ষ টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যু বিল আদায়ে তিনি প্রশাসন কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করলে বিদ্যুৎ বকেয়া রাখা জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলেই মতামত ব্যক্ত করেন এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং বিদ্যুৎ বকেয়া রাখা জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিদ্যুৎ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |

উপজেলার আইন-শৃঙ্খলার বিষয়ে বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম জানান, রাঙ্গুনিয়াবাসীর উন্নয়নে বে-আইনি কাজে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রমে প্রশাসনকে সার্বক্ষণিক প্রয়োজনীয় সহযোগিতা করার জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভাপতি সভা সমাপ্তি ঘোষণা করেন।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ই-মেইল: unorangunia@mopa.gov.bd

চলমান পাতা-৪

CamScanner

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২৩-৪৫৫ | তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩০ ব. / ২৯ মে, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ, এম.পি ও মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

(১–৪) সদয় অবগতির জন্য।

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা /অফিসার ইনচার্জ ............................................................ কর্মকর্তা (সকল)/থানা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। উপজেলা কমান্ডার/সদস্য/জনাব ............................................................ রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। সভাপতি/সম্পাদক, রাঙ্গুনিয়া প্রেস ক্লাব, চট্টগ্রাম।
১১। অফিস নথি।